

ব্যবহার ও রক্ষনাবেক্ষন- সেলাই/সিলিং মেশিন

- ১। বৈদ্যুতিক সংযোগের সকেট অবস্যই ভালো হতে হবে ও লক্ষ্য রাখতে হবে লুজ তার বা সংযোগ যেন কোনো ভাবেই না হয়।
- ২। সেলাই মেশিনটি সমতল স্থানে রেখে ব্যবহার করতে হবে।
- ৩। এই মেশিনটি দ্বারা প্রায় ১২ ইঞ্চি প্রস্থের পলি ব্যাগ সেলাই/সিলিং করা যায়।
- ৪। মেশিনটির সামনে একটি নব আছে যেখানে ১ থেকে ৮ পর্যন্ত চিহ্নিত আছে। যা সিলিং/সেলাই এর জন্য সময় নির্দেশ করে, অর্থাৎ ৮০ থেকে ৯০ মাইক্রন মোটা পলি ব্যাগের জন্য নবের কাটা ৪/৫ এ রাখলেই যথেষ্ট।
- ৫। সিলিং হ্যান্ডেল দাবানোর সাথে সাথে লাল বাতি জলে উঠবে ও নিজে নিজে নিভে যাবে। বাতি নিভে যাওয়ার পর এক থেকে দুই সেকেন্ড অপেক্ষা করে হ্যান্ডেল ছেড়ে দিতে হবে ও পলি ব্যাগ সরিয়ে ফেলতে হবে।
- ৬। প্রয়োজনের চেয়ে কম সময় প্রেস করলে সিলিং ভালো হবে না, আবার বেশি সময় প্রেস করে রাখলে পলি ব্যাগ ছিড়ে যাবে।
- ৭। বৈদ্যুতিক সংযোগ অফ রেখে অথবা সংযোগ বিচ্ছিন্ন রেখে এই মেশিন ব্যবহার করা যাবে না, অর্থাৎ এই মেশিন ব্যবহারের জন্য বিদ্যুৎ আবশ্যিক।
- ৮। প্রতিটি মেশিনের সাথে অতিরিক্ত চারটি পেপার ও চারটি করে তারের কয়েল দেয়া আছে। সিলিং করার স্থানের চারটি ইস্ক্রু খুলে সহজেই পেপার ও তার পরিবর্তন করা যায়। মনে রাখবেন নির্দিষ্ট সংখক সিলিং করতে করতে এই পেপারটি স্বাভাবিক ভাবে নষ্ট হয়ে যায়, তাই পরিবর্তন করে আবার ব্যবহার করা যায়।
- ৯। অবস্যই পানি ও ভেজা স্থান থেকে দূরে রাখবেন। ব্যবহারের পর সিলিং প্যাড টি পরিষ্কার করে রাখবেন। ময়লা বা কোনো ভেজা পদার্থ জমতে দেবেন না।